

কবিতাওচছ

॥ সম্পূর্ণতা ॥  
এক বিন্দু পোকা  
— এত ছোট  
আছে কিনা বোঝাও যায় না —

তবু সে-ও  
অসম্পূর্ণ নয়!

॥ পাঠ ॥  
একজন মহৎ কবিকে সম্পূর্ণ পড়লে  
— কবিতাসমগ্র শুধু নয়,  
চিঠিপত্র, ডায়েরি, জর্নাল — স-ব  
ফিরে ফিরে বারবার পড়লে  
পৃথিবীর সব কবিতাই  
— অতীতের, বর্তমানের, ভবিষ্যতের —  
পড়া হয়ে যায়।

॥ পরিচয় ॥  
গতবারে  
পুরীর সমুদ্রে যারা স্নান করছিল

বছরখানেক বাদে  
ফিরে এসে দেখি

এবারেও  
তারাই সমুদ্রে স্নান করছে

শুধু  
হোটেলের ঘরে  
আলাদা আলাদা নাম  
আলাদা আলাদা পরিচয়

॥ ভাষা ॥  
কণ্ঠকটর কিছুই বলে না, শুধু কাছে এসে  
টিকিটের শব্দ করে

—এ-ও এক ভাষা  
যার কোনো বর্ণমালা নেই।

সুজিত সরকার

